

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 01-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) পশ্চিমবঙ্গ সহ ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটের তালিকায় এসআইআর প্রক্রিয়া সম্পূর্ণ করার সময়সীমা বাড়ানো হয়েছে।
 - ২) এসআইআর-এর কাজে নব নিযুক্ত রোল অবজারভারদের ভূমিকা সম্পর্কে স্পষ্ট বাখ্যা দিয়েছে নির্বাচন কমিশন। বিশেষ পর্যবেক্ষকরা বিভিন্ন জেলা পরিদর্শন করছেন।
 - ৩) তৃণমূল কংগ্রেস, অনুপ্রবেশকারীদের জোর করে নাগরিক হিসাবে দেখানোর অপচেষ্টা করছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন।
 - ৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভোকাল ফর লোকালের ভাবনা প্রত্যেক দেশবাসীর দৈনন্দিন জীবনের অঙ্গ হয়ে উঠেছে। গতকাল মন কি বাতে দেশের যুব শক্তির উদ্ভাবনী ক্ষমতার নানা দিক তুলে ধরেছেন তিনি।
 - ৫) চলতি খরিফ মরশুমে রাজ্যে এপর্যন্ত ৮ লক্ষ ৫০ হাজার মেট্রিক টনের বেশি ধান সংগৃহীত হয়েছে।
 - ৬) আগামী বুধবার থেকে রাজ্যে নামবে তাপমাত্রার পারদ।
-

পশ্চিমবঙ্গ সহ ১২ টি রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চলে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর-এর কাজ শেষ করার সময়সীমা এক সপ্তাহ বাড়িয়েছে নির্বাচন কমিশন। এক বিজ্ঞপ্তিতে কমিশন জানিয়েছে, এন্যুমারেশন ফর্ম জমা নেওয়া ও ডিজিটাইজেশনের কাজ চৌঠা ডিসেম্বরের পরিবর্তে ১১ ই ডিসেম্বর পর্যন্ত চলবে। তার মধ্যেই সেরে ফেলতে হবে ভোটকেন্দ্রের পুনর্বন্যাসের কাজ। খসড়া ভোটের তালিকা ৯ ই ডিসেম্বরের পরিবর্তে প্রকাশিত হবে ১৬ ই ডিসেম্বর। এরপর সেই তালিকা সংক্রান্ত যাবতীয় অভিযোগ ও দাবিদাওয়া জানানো যাবে ২০২৬-এর ১৫ ই জানুয়ারি পর্যন্ত। চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশিত হবে ১৪ই ফেব্রুয়ারি। আগে তা ৭ই ফেব্রুয়ারি নির্ধারিত ছিল।

এদিকে, এই সময়সীমার বৃদ্ধি তাদের যুক্তিকেই প্রমাণ করেছে বলে তৃণমূল কংগ্রেস দাবি করেছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের এই বক্তব্যের সমালোচনা করেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

বাইট সুকান্ত

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, বিএলও-দের ঘারে সমস্ত দায়িত্ব চাপার ফলে পরিস্থিতি আরও জটিল হয়েছে।

সময়সীমা বৃদ্ধির ফলে মূল সমস্যার আদৌ কোনো সমাধান হবে কিনা, সেই প্রশ্ন তুলেছেন এসইউসিআই কমিউনিস্টের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য্য।

ভোটকর্মী ও বিএলও ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল এক সপ্তাহ সময়সীমা বাড়ানোর জন্য নির্বাচন কমিশনকে ধন্যবাদ জানিয়েছেন।

বাইট স্বপন মন্ডল

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, অনেক আগেই এই সময়সীমা বাড়ানো প্রয়োজন ছিল।

রাজ্যে SIR প্রক্রিয়ায় আরো একমাস সময় বৃদ্ধি করার দাবি জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। শুভঙ্কর বাবু বলেন, এস আই আর ঘোষণার পর প্রদেশ কংগ্রেসের তরফ থেকে কমিশনের কাছে লিখিতভাবে সময় বৃদ্ধির দাবি জানানো হয়েছিল। তবে এই সময় ৭ দিনের জায়গায় বাড়িয়ে এক মাস করার দাবি জানিয়েছেন শুভঙ্কর বাবু। শুভঙ্কর বাবু বলেন, এত কম সময়ে এস আই আর প্রক্রিয়া ত্রুটি মুক্তভাবে করা সম্ভব নয়। সময় কম থাকার ফলে মানুষ আতঙ্কে রয়েছেন বলেও উল্লেখ করেন তিনি।

এস আই আর-এর কাজে নবনিযুক্ত রোল অবজারভারদের ভূমিকা নিয়ে প্রশ্ন ওঠায় নির্বাচন কমিশন এব্যাপারে স্পষ্ট ব্যাখ্যা দিয়েছে। কমিশন জানিয়েছে, রোল অবজারভাররা কোনওভাবেই কোনো নির্দেশ দিতে পারবেন না। তাঁদের কাজ কেবলমাত্র সম্পূর্ণ প্রক্রিয়াটি পর্যবেক্ষণ করা।

সাধারণ ভোটারদের সঙ্গে কথা বলে এনুমারেশন ফর্ম সঠিকভাবে পূরণ হয়েছে কিনা, ডিজিটাইজেশন প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা, কমিশনের জারি করা নির্দেশ সংশ্লিষ্ট বিভাগ মেনে চলেছে কিনা ইত্যাদি বিষয়ে খতিয়ে দেখবে তারা।

প্রতিদিনের বিস্তারিত রিপোর্ট রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর ও নির্বাচন কমিশনে পাঠাতে হবে।

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন এসআইআর-এর কাজের অগ্রগতি খতিয়ে দেখতে দক্ষিণ ২৪ পরগণার ফলতায় গতকাল যান নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত এবং পর্যবেক্ষক দলের সদস্য সি মুরগন। বিডিও অফিসে এক বৈঠকে বিএলও-দের সঙ্গে কথা বলেন তিনি। উপস্থিত ছিলেন ডায়মন্ড হারবারের মহকুমাশাসক শুভ্রজিত গুপ্ত, ফলতার বিডিও প্রমুখ। সঠিকভাবে নথি যাচাই ও আপলোড করা হয়েছে কিনা, বৈঠকে তা পর্যালোচনা করা হয়। পরে সাংবাদিকদের সুব্রত গুপ্ত জানান, নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে সঠিকভাবে কাজ হচ্ছে কিনা, তা খতিয়ে দেখছেন তাঁরা।

বাইট

নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ রোল অবজারভার সুব্রত গুপ্ত আজ কলকাতার সিইও অফিসে বসবেন। সকাল সাড়ে ১১ টা থেকে দেড়টা পর্যন্ত তিনি সেখানে থাকবেন। এই সময়ের মধ্যে রাজনৈতিক দল, সংগঠন ও কোনো ব্যক্তি তাঁর সঙ্গে সাক্ষাত্ করবে পারবেন।

SIR-এর কাজের জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে নির্বাচন কমিশন নিযুক্ত আধিকারিক সৌম্যজিৎ ঘোষ এবং বিভোর আগারওয়াল আজ কলকাতায় আসছেন।

এর আগে, নির্বাচন কমিশন এক বিজ্ঞপ্তিতে জানায় প্রধান সচিব পদমর্যাদার আধিকারিক বি সি পাত্র, সচিব পর্যায়ের আধিকারিক সৌম্যজিৎ ঘোষ এবং আন্ডার সেক্রেটারি বিভোর আগারওয়াল, মুখ্য নির্বাচনী আধিকারিকের অধীনে কাজ করবেন।

তৃণমূল কংগ্রেস অনুপ্রবেশকারীদের জোর করে নাগরিক হিসেবে দেখানোর অপচেষ্টা করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এক্স হ্যাণ্ডেলে এক পোস্টে জানিয়েছেন, ২০২২ সালে বাংলাদেশ থেকে বসিরহাটে এসে শাসকদলের मदতে এক বাংলাদেশী অনুপ্রবেশকারী অন্য একজনের নথি জাল করে তাকে নিজের বাবা হিসেবে দেখিয়েছে। দীর্ঘদিন ধরে এই চক্রান্তের বিরুদ্ধে বিডিও, মহকুমা শাসক এবং পুলিশ প্রশাসনের দ্বারস্থ হয়েও বসিরহাটের ওই স্থানীয় বাসিন্দা কোনো সহায়তা পাননি। রাজ্যের মানুষ নিরাপত্তা নিয়ে উদ্বেগে রয়েছেন বলে তিনি জানান।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, সঠিকভাবে এসআইআর হলে এক কোটির বেশি নাম তালিকা থেকে বাদ যাবে। ৪১ লক্ষ নাম ইতোমধ্যেই বাদ গেছে বলে দাবি করেছেন তিনি।

সংসদে শীতকালীন অধিবেশন আজ শুরু হচ্ছে। এই অধিবেশন চলবে ১৯ শে ডিসেম্বর পর্যন্ত। ১৯ দিনের অধিবেশনে মোট ১৫ বার সভা বসবে। অধিবেশনে ১৩ টি বিল পাশ করার জন্য উদ্যোগ নেওয়া হবে। এই বিলগুলির মধ্যে রয়েছে জাতীয় সড়ক সংশোধন বিল, পারমাণবিক শক্তি বিল, বিমা আইন সংশোধন বিল, ভারতের উচ্চ শিক্ষা

কমিশন বিল। লোকসভায় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন কেন্দ্রীয় আবগারি সংশোধনী বিল এবং হেল্থ সিকিউরিটি সে ন্যাশানাল সিকিউরিটি সেস বিল উপস্থাপন করবেন।

এর আগে গতকাল নতুন দিল্লীতে সংসদের অ্যানেক্স ভবনে সর্বদলীয় বৈঠক করে সরকার। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর সভাপতিত্বে এই বৈঠকে উপস্থিত ছিলেন ৩৬ টি রাজনৈতিক দলের ৫০ জন নেতা। যোগ দেন তৃণমূল কংগ্রেসের ডেকের ওব্রায়েন, কংগ্রেসের গৌরব গগৈ প্রমুখ। বৈঠকের পর সাংবাদিকদের সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু বলেন, শীতকালীন অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সব রাজনৈতিক দলের নেতাদের সহযোগিতা চাওয়া হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভোকাল ফর লোকালের ভাবনা বর্তমানে দেশবাসীর দৈনন্দিন জীবনের অঙ্গ হয়ে উঠেছে। আকাশবাণীতে ১২৮ তম মন কি বাত অনুষ্ঠানে তিনি বলেন, মানুষ যেভাবে উৎসবের মরশুম থেকে শুরু করে বিভিন্ন সময়ে দেশীয় বাজারে তৈরি পণ্য ক্রয় করছেন, তা স্বদেশী ভাবনারই প্রতিফলন।

ভারতের যুবশক্তির প্রশংসা করে শ্রী মোদী বলেন, তাদের উদ্ভাবনী ক্ষমতা নতুন নতুন দিক খুলে দিচ্ছে।

বাইট

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বলেছেন, মন কি বাতে প্রধানমন্ত্রী বিভিন্ন ক্ষেত্রে ভারতের উন্নয়নের খতিয়ান তুলে ধরেছেন, যা তাঁর মধ্যে গর্ব এবং নতুন আশার সঞ্চার করেছে।

বাইট

চলতি খরিফ মরসুমে প্রথম ৩০ দিনে রাজ্য সরকার এপর্যন্ত ৮ লক্ষ ৫০ হাজার ৩৩৯ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে। নথিভুক্ত ২৪ লক্ষ ৬৩ হাজারের বেশি কৃষকের মধ্যে ৪ লক্ষ ৭৯ হাজার ৭৮৭ জন এই পরিমাণ ধান বিক্রি করেছেন বলে খাদ্য দপ্তর এক বিবৃতিতে জানিয়েছে। উল্লেখ্য গত পয়লা নভেম্বর থেকে ধান কেনা শুরুর সময় চলতি মাসে ৬ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। এই মরসুমে মোট ৬৭ লক্ষ মেট্রিক টন ধান কেনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তার জন্য রাজ্যজুড়ে খোলা হয়েছে তিন হাজার ১১৮টি ধান ক্রয় কেন্দ্র।

উত্তর ২৪ পরগণার অশোকনগরের কল্যানগড় বাজার এলাকায় বাড়ি তৈরির জন্য মাটি খোঁড়ার সময় দুটি খুলি এবং হাড়গোড় উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। খবর পেয়ে বিপুল সংখ্যক মানুষ সেখানে ভিড় করেন। জানা গেছে, কল্যানগড় এলাকার বাসিন্দা কাজল ব্যানার্জী পুরনো বাড়ি ভেঙে নতুন বাড়ি তৈরি করাচ্ছিলেন। খোঁড়াখুঁড়ির সময়েই বেরিয়ে আসে হাড়গোড়। ঘটনাস্থলে যায় বিরাট পুলিশ বাহিনী। স্থানীয়দের দাবি ঐ এলাকায় একসময় কবরস্থান ছিল। ঐ স্থানটিকে ঘিরে রাখা হয়েছে।

ঝঞ্ঝা কাটিয়ে আগামী কয়েকদিনের মধ্যে রাজ্য জুড়ে উত্তরে হাওয়া আবার শক্তিশালী হওয়ায় শীতের আমেজ ভালোভাবেই অনুভূত হবে বলে আবহাওয়া

জানিয়েছে। বুধবার থেকে তাপমাত্রার পারদ বেশ কিছুটা কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডক্টর অশ্বেষা ভট্টাচার্য জানিয়েছেন।

বাইট

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক। সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

বিশ্ব রেলওয়ের ২০০ বছর এবং রেলের বৈদ্যুতিকরণের ১০০ বছর পূর্তি উপলক্ষে গতকাল কলকাতা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট হলে আয়োজন করা হয় 'রেল উৎসব ২০২৫' এর। রেল প্রেমী মানুষজনের সংগঠন রেল এনথুসিয়াস্টস' সোসাইটির উদ্যোগে এবং কলকাতা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউটের সহায়তায় এই অনুষ্ঠানে রেলের বিভিন্ন কোচের মডেল প্রদর্শিত হয়। রেল সংক্রান্ত বিভিন্ন বই এর প্রদর্শনী ও বিক্রির ব্যবস্থা ছিল। প্রদর্শনীর পাশাপাশি রেলের ইতিহাস ও ঐতিহ্য নিয়ে আলোচনা সভারও আয়োজন হয়। উপস্থিত ছিলেন সোসাইটির পূর্ব ও উত্তর পূর্ব শাখার প্রধান তথা রেলওয়ে বোর্ডের প্রাক্তন ফিন্যান্সিয়াল কমিশনার সঞ্জয় মুখার্জি, হাওড়ার ডিআরএম বিশাল কাপুর, প্রমুখ। রেল সংক্রান্ত দু'টি বই প্রকাশিত হয়।
